

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. ৯. ৬. নিরপেক্ষ কি পক্ষে না বিপক্ষে

যীশু এ বিষয়ে পরস্পর বিরোধী কথা বলেছেন। মথি ১২/৩০: "যে আমার সপক্ষ নয়, সে আমার বিপক্ষ এবং যে আমার সঙ্গে কুড়ায় না, সে ছড়ায়।"

এ বক্তব্য নিশ্চিত করে যে, যে আমার পক্ষে নয় সে আমার বিপক্ষ ও শক্র বলেই গণ্য। এর বিপরীতে মার্ক ৯/৪০: "কারণ যে কেউ আমাদের বিপক্ষ নয়, সে আমাদের সপক্ষ।" লূক ৯/৫০: "কেননা যে তোমাদের বিপক্ষ নয়, সে তোমাদের সপক্ষ।"

প্রথম বক্তব্য অনুসারে দুনিয়ার অধিকাংশ মানুষ, ইহুদি, হিন্দু, মুসলিম, বৌদ্ধ ও সকল ধর্মের ও ধর্মহীন সকল মানুষই যীশুর বিরুদ্ধে; কারণ তারা যীশুর পক্ষে নন। দ্বিতীয় বক্তব্য অনুসারে যারা খ্রিষ্টের বিরুদ্ধে কথা বলে শুধু তারাই তাঁর বিরুদ্ধে। যারা খ্রিষ্টের নাম শোনেনি, বা শুনলেও বিরুদ্ধে কিছু বলে না তারা খ্রিষ্টের পক্ষে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14088

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন